

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন, ষ্কাওরানবাজার, ঢাকা-১২১৫

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৪.২১- ৩৬৮

তারিখঃ ৩০ সেপ্টেম্বর, ২৪


বিষয়: কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত) অনুযায়ী কর্মচারীদের উৎসাহ ভাতা প্রদান।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি'র কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ (সংশোধিত) অনুযায়ী প্রশংসনীয় বা অসাধারণ কাজের জন্য কর্মসূচি'র মাঠ পর্যায়ের কর্মচারীদের নির্দিষ্ট অর্থ বছরে অর্জিত আয়ের অংশ হতে বেতনভাতাদি গ্রহণ ও গ্রাচুইটির অর্থ প্রেরণের পর যা উদ্ধৃত থাকবে তা হতে উৎসাহ ভাতা প্রদানের সংস্থান রয়েছে।

২। উল্লেখ্য, আর্থিক বছরে কোন মাঠ সংগঠক/মাঠ সংগঠক এর ন্যায় দায়িত্বপালনকারী কর্মচারীর দায়িত্বাধীন দলের আদায়যোগ্য ঋণ ৮০% কিস্তিতে আদায় করতে সক্ষম হলে ও তার কর্মকালীন বিতরনকৃত ঋণের কোন মেয়াদোত্তীর্ণ খেলাপী না থাকলে এবং তার দায়িত্ব গ্রহণকালীন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হইতে ২৫% আদায়ে সক্ষম হলে তিনি ঐ অর্থ বছরের উদ্ধৃত আয়ের ৫০% অর্থ উৎসাহ ভাতা হিসেবে প্রাপ্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। এছাড়া আর্থিক বছরে কোন উপজেলায় সমুদয় আদায়যোগ্য ঋণ ৭০% কিস্তিতে আদায় হলে ও তার কর্মকালীন উপজেলায় বিতরনকৃত ঋণের কোন মেয়াদোত্তীর্ণ খেলাপী না থাকলে এবং তার দায়িত্ব গ্রহণকালীন মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ হইতে ২৫% আদায়ে সক্ষম হলে এআরডিও/এআরডিও এর ন্যায় দায়িত্বপালনকারী কর্মচারী ও হিসাব সহকারী ঐ অর্থ বছরের উদ্ধৃত আয়ের ৪০% উৎসাহ ভাতা হিসেবে প্রাপ্তির জন্য যোগ্য হিসেবে বিবেচিত হবেন। সে আলোকে বর্ণিত শর্ত মোতাবেক যে সকল কর্মকর্তা কর্মচারী ২০২৩-২৪ অর্থ বছরের কার্যক্রম বাস্তবায়ন বাবদ উৎসাহ ভাতা প্রাপ্তির যোগ্যতা অর্জন করবেন তাদের বিস্তারিত বিবরণ সংযুক্ত ছক অনুযায়ী তথ্য কর্মসূচি'র সদর দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

৩। উল্লেখ্য, কর্মসূচি'র সদর দপ্তর হতে উৎসাহ ভাতা প্রদান সংক্রান্ত নির্দেশনা প্রদানের পর বর্ণিত ভাতা পরিশোধযোগ্য হবে। এছাড়া যে সকল কর্মচারীর বিপরীতে কর্মসূচি সদর দপ্তর হতে বেতনভাতা খাতে সহায়তা প্রদান করা হয়েছে, সে সকল কর্মচারী এবং কোন কর্মচারী নিজ দায়িত্বের অতিরিক্ত কোন পদে দায়িত্ব পালন করলে তিনি অতিরিক্ত দায়িত্বপালনকৃত পদের বিপরীতে উৎসাহ ভাতা প্রাপ্তির যোগ্য হিসেবে বিবেচিত হবেন না।

সংযুক্তি: বর্ণনামতে।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা

বিআরডিবি

উপজেলাঃ-----জেলাঃ-----

অনুলিপি বিতরণ (জেষ্ঠতার ভিত্তিতে নহে) :

১. মাঠ সংগঠক/ হিসাব সহকারী/সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ-----, জেলাঃ-----।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ -----।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।

উপজেলা:

জেলা:

২০২৩-২৪ অর্থ বছরের কার্যক্রম বাস্তবায়ন বাবদ উৎসাহ তথা প্রাতিষ্ঠানিক যোগ্যতা অর্জনকারী কর্মচারীদের তথ্যাদি

ক্র.নং	মাঠ সংগঠকের নাম	৩০ জুন, ২০২৪ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাধুলি (লক্ষ টাকায়)	দায়িত্ব গ্রহণের সময় মেয়াদোত্তীর্ণ খেলাধুলি ছিল (লক্ষ টাকায়)	দায়িত্ব গ্রহণের সময় প্রাপ্ত মেয়াদোত্তীর্ণ খেলাধুলি হতে আদায় (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে ঋণ বিতরণ (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে ঋণ আদায় (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে ঋণ আদায়ের হার (ওটিআর) (%)	২০২৩-২৪ অর্থ বছরে সেবামূল্য বাবদ অর্জিত আয়ের পরিমাণ (টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে কর্মচারীর হিসাব অনুযায়ী অর্জিত আয় (টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে ব্যয়			২০২৩-২৪ অর্থ বছরে উদ্বৃত্ত অর্জিত আয় (টাকায়)
										বেতন তথা বাবদ ব্যয় (টাকায়)	প্রাপ্য হিচাবে বাবদ ব্যয় (টাকায়)	মোট ব্যয় (টাকায়)	
১													
২													
৩													

ক্র.নং	নাম	পদবী	৩০ জুন, ২০২৪ তারিখে মেয়াদোত্তীর্ণ খেলাধুলি (লক্ষ টাকায়)	দায়িত্ব গ্রহণের সময় মেয়াদোত্তীর্ণ খেলাধুলি ছিল (লক্ষ টাকায়)	দায়িত্ব গ্রহণের সময় প্রাপ্ত মেয়াদোত্তীর্ণ খেলাধুলি হতে আদায় (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে উপজেলায় মোট ঋণ বিতরণ (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে উপজেলায় মোট ঋণ আদায় (লক্ষ টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে উপজেলায় মোট ঋণ আদায়ের হার (ওটিআর) (%)	২০২৩-২৪ অর্থ বছরে উপজেলায় মোট সেবামূল্য বাবদ অর্জিত আয়ের পরিমাণ (টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে কর্মচারীর হিসাব অনুযায়ী অর্জিত আয় (টাকায়)	২০২৩-২৪ অর্থ বছরে ব্যয়			২০২৩-২৪ অর্থ বছরে উদ্বৃত্ত অর্জিত আয় (টাকায়)
											বেতন তথা বাবদ ব্যয় (টাকায়)	প্রাপ্য হিচাবে বাবদ ব্যয় (টাকায়)	মোট ব্যয় (টাকায়)	
১		এআরডিও/ এআরডিও এর ন্যায় দায়িত্ব পালনকারী												
২		হিসাব সহকারী												

হিসাব সহকারী

এআরডিও, ইরেসপো

ইউআরডিও